অর্থ বছর	এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৬-১৭	২০০৪.০০	২০০৪.০০	-	২০৪২.০০	২০০৩.৪২	২০০৩.৪২	-	৩৮.৫৮
সর্বমোট	**১১৫০৩.০০**	**১১৫০৩.০০**	**-**	**১১৫৪১.০০**	**১১৩০৬.৭২**	**১১৩০৬.৭২**	**-**	**২৩৪.২৮**

এ প্রকল্পের অনুমোদিত ব্যয় ১১৬৬৭.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১১৩০৬.৭২ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ১১৫৪১.০০ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থ ২৩৪.২৮ লক্ষ টাকা (১১৫৪১.০০-১১৩০৬.৭২ লক্ষ টাকা)। পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী উক্ত অব্যয়িত অর্থ পেট্রোবাংলায় যথাসময়ে ফেরত পাঠানো হয়েছে।

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত মাত্র ১ (এক) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
মোঃ মিজানুর রহমান চৌধুরী, উপমহাব্যবস্থাপক, বাপেক্স।	পূর্ণকালীন	-	১৬/১১/২০১৪ খ্রিঃ	-	প্রকল্প সমাপ্তি পর্যন্ত দায়িত্বরত (৩১/১২/২০১৬)

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	শ্রীকাইল গ্যাস ফিল্ড হতে উত্তোলিত গ্যাস লাইন পাইপের স্পেসিফিকেশন মোতাবেক প্রসেস করে পূর্বাঞ্চলের গ্যাস সঞ্চালন লাইনে সরবরাহ করা।	জিটিসিএল গ্যাস ট্রান্সমিশন লাইনে গ্যাস সরবরাহ করা হচ্ছে।
২।	শ্রীকাইল গ্যাস ফিল্ড হতে উত্তোলিত গ্যাস প্রক্রিয়াকরণের মাধ্যমে সর্বোচ্চ পরিমাণে কনডেনসেট আহরণ করা এবং এ জন্য ১টি ৬০ এম.এম.এস.সি.এফ.ডি. সিলিকাজেল টাইপ ডিহাইড্রেশন গ্যাস প্রসেস প্ল্যান্ট স্থাপন করা।	৬০ এমএমএসসিএফডি ধারণক্ষমতা সম্পন্ন ১টি সিলিকাজেল ডিহাইড্রেশন টাইট গ্যাস প্রসেস প্ল্যান্ট প্রকিউরমেন্ট , ইনস্টলেশন ও কমিশনিং সম্পন্ন হয়েছে এবং কনডেনসেট আহরণ করা হচ্ছে।

১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৮। অডিট : প্রকল্প মেয়াদে কোন অডিট আপত্তি ছিলনা ।

১৯। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : প্রকল্প বাস্তবায়ন ইতোমধ্যে সমাপ্ত।

২০। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ২ বছর ৬ মাস সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল অপেক্ষা ৬ মাস বেশী। ২ বছরে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্পে ২৫% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।

২১। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন(If any): প্রযোজ্য নয়

২২। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ: প্রযোজ্য নয়।

২৩। এক নজরে পরিদর্শনের কিছু আলোকচিত্র:



চিত্র: ১: এয়ার কম্প্রেসর



চিত্র: ২: জেনারেটর ও এমসিসি হাউজ



চিত্র: ৩: দুইটি হিটার



চিত্র: ৪: হেভি কনডেনসেট ও লাইট কনডেনসেট



চিত্র: ৫: তিনটি সিলিকাজেল টাওয়ার



চিত্র: ৬: ফায়ার ফাইটিং সিস্টেম

২৪। পরিদর্শন পর্যবেক্ষণঃ বিগত ০৬/১১/২০১৭ খ্রিঃ তারিখে "Procurement of Gas Process Plant for Srikail Gas Field" শীর্ষক সমাপ্ত প্রকল্পটি আইএমইডি'র মূল্যায়ন কর্মকর্তা মোছাঃ নূরে নাসরিন কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালক, মহাব্যবস্থাপক, গ্যাস ক্ষেত্রে কর্মরত ইঞ্জিনিয়ার ও অন্যান্য কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

২৪.১। গ্যাসের চাপ যেন সবসময় নির্ধারিত মাত্রায় থাকে সেই জন্য এয়ার কম্প্রেসর স্থাপন করা হয়েছে।

২৪.২। সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার জন্য তিনটি গ্যাস জেনারেটর ও একটি ডিজেল জেনারেটর এবং জেনারেটর এর কন্ট্রোল প্যানেল বসানো হয়েছে।

২৪.৩। গ্যাসের তাপমাত্রা স্বাভাবিক রাখার জন্য একটি হিটার রয়েছে।

২৪.৪। ভারী তেলের জন্য হেভি কনডেনসেট ও হালকা তেলের জন্য লাইট কনডেনসেট আছে।

২৪.৫। গ্যাস প্রক্রিয়াকরণের সময় যেটুকু আর্দ্রতা থাকে তা সিলিকাজেল টাওয়ার এর সিলিকা চুষে নেয় এবং শুষ্ক গ্যাস ট্রান্সমিশন লাইনে চলে যায়।

২৪.৬। কোন কারণে কোন সময় আগুন লাগলে তা তৎক্ষণাৎ অবসানের জন্য ফায়ার ফাইটিং সিস্টেম স্থাপন করা হয়েছে।

২৪.৭। শ্রীকাইলে মোট তিনটি কূপ আছে। এই তিনটি কূপ থেকে বর্তমানে প্রতিদিন প্রায় ৪৩ এমএমএসসিএফডি গ্যাস উত্তোলিত হচ্ছে এবং উৎপাদিত গ্যাস জিটিসিএল গ্যাস ট্রান্সমিশন লাইনে সরবরাহ করা হচ্ছে। সেই সাথে গ্যাসের উপজাত হিসেবে প্রতিদিন ১১৫ ব্যারেল কনডেনসেট আহরণ করা হচ্ছে যার আর্থিক মূল্য প্রায় ১৬ কোটি টাকা।

২৫। সুপারিশ:

২৫.১। ভবিষ্যতে অন্য কোন প্রকল্পের বাস্তবায়নের ক্ষেত্রে যাতে সময় বেশী না লাগে এবং যথা সময়ে প্রকল্প শেষ করা যায় বা অস্বাভাবিক বিলম্ব না ঘটে সে বিষয়ে সংস্থা ও মন্ত্রণালয়কে সচেষ্ট থাকবে হবে ।

২৫.২। ভবিষ্যতে গৃহীত প্রকল্পের ক্ষেত্রে ডিপিপিতে মূল প্যাকেজের অন্তভূর্ক্ত কার্যক্রম গুলোর পৃথকভাবে উল্লেখ থাকতে হবে।

২৫.৩। Log Frame এ বিদ্যমান PROGRAMM GOAL অর্জন করতে হবে এবং এ ধারা অব্যাহত রাখতে হবে।

"তিতাস ২১ নং কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেন

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৬)

১। প্রকল্পের নাম : "তিতাস ২১ নং কূপ ওয়ার্কওভার"

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মোছাঃ নূরে নাসরিন, মূল্যায়ন কর্মকর্তা, আইএমইডি।

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ১৯/০২/২০১৮ খ্রিঃ

৪। প্রকল্পের অবস্থান : তিতাস গ্যাস ফিল্ড, ব্রাহ্মণবাড়িয়া সদর থানা, ব্রাহ্মণবাড়িয়া ।

৫। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল), পেট্রোবাংলার একটি কোম্পানী ।

৬। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ।

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৫৩০০.০০	-	৪৫০৬.৬৩	জানুয়ারি, ২০১৫ খ্রিঃ হতে ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ	জানুয়ারি, ২০১৫ খ্রিঃ হতে ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ	জানুয়ারি, ২০১৫ খ্রিঃ হতে ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ	(-১৪.৯৭%)	-

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) রাজস্ব ব্যয়						
সরবরাহ ও সেবা						
১	ভ্যাট	থোক	থোক	৫৯৮.০০	থোক	৫১৫.৮২
২	ট্যাক্স	থোক	থোক	২৯০.০০	থোক	২৬১.৯৮
৩	ব্যাংক, বীমা, পোর্ট ইত্যাদি	থোক	থোক	২৭.০০	থোক	২০.৪৩
৪	লোকাল এজেন্ট কমিশন (এলএসি)	থোক	থোক	১৮.০০	থোক	১১.৯৪
৫	স্টেশনারী, সীল, স্ট্যাম্পস	থোক	থোক	৫.০০	থোক	১.৬৯
৬	প্রচার ও বিজ্ঞাপন	থোক	থোক	৫.০০	থোক	৩.৪০
৭	সরঞ্জামাদি পরিবহন	থোক	থোক	৫.০০	থোক	৩.৮৮
৮	পরামর্শক সেবা (বাপেক্স কর্তৃক)	থোক	থোক	১০৫.০০	থোক	১০৫.০০
৯	সম্মানী	থোক	থোক	১০.০০	থোক	২.৮৪
১০	আইইই, ইআইএ ডিওই ক্লিয়ারেন্স	থোক	থোক	২.০০	থোক	১.২৪

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	ও নবায়ন ফি					
১১	অন্যান্য ব্যয়:					
	১) ওয়ার্কওভার অপারেশন সার্ভিসেস (বাপেক্স কর্তৃক)	১টি কূপ	১টি কূপ	৩৩২০.০০	১টি কূপ	২৯৪৭.০০
	২) থার্ড পার্টি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস	১টি কূপ	১টি কূপ	৬৫০.০০	১টি কূপ	৩৯৯.৩২
১২	যন্ত্রপাতি/সরঞ্জামাদি মেরামত	থোক	থোক	২.০০	থোক	০.১৫
১৩	সংযোগ সড়ক, ডীপ টিউবওয়েল সরানো ইত্যাদি মেরামত	থোক	থোক	৫.০০	-	-
(খ) মূলধন ব্যয় :						
১৪	সম্পদ সংগ্রহঃ					
	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম (আমদানি)					
	১) ওয়ার্কওভার মালামাল	১টি কূপ	থোক	২৪২.০০	১টি কূপ	২২২.৪৪
	২) স্থানীয়ভাবে উৎপাদিত মালামাল	লট	লট	২.০০	লট	-
১৫	কম্পিউটার ও যন্ত্রাংশ	লট	লট	৪.০০	লট	৩.৫৬
১৬	অফিস যন্ত্রপাতি	লট	লট	৫.০০	লট	৪.৩৯
১৭	আসবাবপত্র	লট	লট	৫.০০	লট	১.৫৫
মোট ব্যয়		**-**	**১০০%**	**৫৩০০.০০**	**১০০%**	**৪৫০৬.৬৩**

তথ্য সূত্রঃ পিসিআর ।

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্প সমাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

১০। পটভূমিঃ১৯৬৮ সাল হতে তিতাস গ্যাস ফিল্ড হতে বাণিজ্যিকভাবে গ্যাস উৎপাদন শুরু হয়। দীর্ঘ সময় গ্যাস উৎপাদন অব্যাহত রাখার জন্য বিভিন্ন সময়ে কিছু কিছু কূপের ওয়ার্কওভার করা হয়। ০৯/১২/২০১৩ সালে তিতাস ২১ নং কূপ খনন করা হয় এবং দৈনিক প্রায় ৬ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদন করা হয়। এমনকি গ্যাস উৎপাদন বৃদ্ধি পেয়ে ১৫ মিলিয়ন ঘনফুট পর্যন্ত হয়। কিন্তু অতিরিক্ত পানি উৎপাদনের কারণে ২০/০৬/২০১৪ তারিখে এই কূপ হতে গ্যাস উৎপাদন বন্ধ হয়। পরবর্তীতে প্রজেক্ট প্রগ্রেস রিভিউ মিটিং এর সিদ্ধান্ত অনুযায়ী "তিতাস ২১ নং কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। মিটিং এ সিদ্ধান্ত হয় সম্পূর্ন জিডিএফ (গ্যাস উন্নয়ন তহবিল) অর্থায়নে এবং বিজিএফসিএল/বাপেক্স এর মজুদ/সংরক্ষিত উপকরণ ব্যবহার করে ওয়ার্কওভার পরিচালনা করা হবে।

১১। উদ্দেশ্যঃ

- তিতাস ২১নং কূপ ওয়ার্কওভারের মাধ্যমে পুনরায় উৎপাদন ফিরিয়ে আনা।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

প্রকল্প অনুমোদনঃ- জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ১৪/১২/২০১৫ খ্রিঃ তারিখে প্রকল্পটি অনুমোদিত হয়।

১৩। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্যাকেজ নং : WD1					
Wireline Logging	০১/১০/২০১৪ ২.৩৫	০৪/০২/২০১৬ ২.২২	২৪/০৫/২০১৬	১৫/০৬/২০১৬	
প্যাকেজ নং : WD2					
Drill Stem Testing	০১/১০/২০১৪ ২.১৯	০৪/০২/২০১৬ ২.০৬	২৪/০৫/২০১৬	১৫/০৬/২০১৬	
প্যাকেজ নং : WD3					
Workover Operation Services by BAPEX	৩৩.২০	২৯.৫৭	২৪/০৫/২০১৬	১৬/০৬/২০১৬	
প্যাকেজ নং : SD1					
Consultancy Services	১.০৫	১.০৫	২৪/০৫/২০১৬	১৬/০৬/২০১৬	
Workover Supervisor (BAPEX) Geological Consultancy	A Total of 105 Lakh Taka has been paid to BAPEX as a Lump Sum for Providing necessary Consultancy Services in the Categories of Workover Supervisor and Geological Consultant During Workover Operation.				

১৪। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ প্রকল্পের শুরু হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৪৫০৬.৬৩ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৯৭% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিমণরূপঃ

অর্থ বছর	এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৫-১৬	২৯০০.০০	২৯০০.০০	-	২৯০০.০০	২৮৭৩.১৬	২৮৭৩.১৬	-	২৬.৮৪
২০১৬-১৭	১৬৪৪.০০	১৬৪৪.০০	-	১৬৮৪.০০	১৬৩৩.৪৭	১৬৩৩.৪৭	-	৫০.৫৩
সর্বমোট	**৪৫৪৪.০০**	**৪৫৪৪.০০**	**-**	**৪৫৮৪.০০**	**৪৫০৬.৬৩**	**৪৫০৬.৬৩**	**-**	**৭৭.৩৭**

এ প্রকল্পের অনুমোদিত ব্যয় ৪৫৪৪.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ৪৫০৬.৬৩ লক্ষ টাকা । পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ৪৫৮৪.০০ লক্ষ টাকা । এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থ ৭৭.৩৭ লক্ষ টাকা (৪৫৮৪.০০-৪৫০৬.৬৩ লক্ষ টাকা)। পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী উক্ত অব্যয়িত অর্থ পেট্রোবাংলায় যথাসময়ে ফেরত পাঠানো হয়েছে ।

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত মাত্র ১ (এক) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
মোঃ শাহিদুর রহমান চৌধুরী, উপমহাব্যবস্থাপক, বাপেক্স।	পূর্ণকালীন	-	২৩/০২/২০১৬ খ্রিঃ	-	প্রকল্প সমাপ্তি পর্যন্ত দায়িত্বরত (৩১/১২/২০১৬)

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	তিতাস ২১নং কূপ ওয়ার্কওভারের জন্য বাপেক্স হতে ওয়ার্কওভার ঠিকাদার ও প্রয়োজনীয় পরামর্শক সেবা নিয়োগ।	তিতাস ২১নং কূপ ওয়ার্কওভারের জন্য বাপেক্স হতে ওয়ার্কওভার ঠিকাদার নিয়োগ দেয়া হয়েছিল। এছাড়া বাপেক্স হতে পরামর্শক সেবা নেওয়া হয়েছিল। ১০/০৩/২০১৬ খ্রিঃ তারিখে কূপের ওয়ার্কওভার শুরু হয়। সফল ওয়ার্কওভার এর পর ১৬/০৬/২০১৬ খ্রিঃ তারিখ হতে দৈনিক প্রায় ৮ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করা হচ্ছে।
২।	বিজিএফসিএল/ বাপেক্স এর মজুদ/ সংরক্ষিত উপকরণ ব্যবহার করে ওয়ার্কওভার পরিচালনা করা।	বিজিএফসিএল/ বাপেক্স এর মজুদ/ সংরক্ষিত উপকরণ ব্যবহার করে ওয়ার্কওভার সমাপ্ত হয়েছে।
৩।	প্রয়োজনীয় ওয়ার্কওভার উপকরণ ক্রয় করে পুন:সরবরাহ করা।	ডিপিপি অনুযায়ী ওয়ার্কওভার উপকরণ ক্রয় করা হয়েছে।
৪।	প্রয়োজনীয় থার্ড পার্টি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ঠিকাদার নিয়োগ করা।	প্রয়োজনীয় থার্ড পার্টি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস (সিমেন্টেশন, ওয়ারলাইন লগিং, ডিএসটি ও ওয়ারলাইন অপারেশন) চুক্তিতে নিয়োগ দেয়া হয়েছিল।
৫।	অন্যান্য সংশ্লিষ্ট কাজ।	ওয়ার্কওভার সংশ্লিষ্ট কাজ যেমন বাপেক্স কর্তৃক রিগ ফাউন্ডেশন মডিফিকেশন , সংযোগ সড়কের মেরামত ও রক্ষণাবেক্ষণ , ওয়েস্ট মাড পন্ড এবং ১নং ডিপ টিউবওয়েল ইত্যাদি সম্পন্ন হয়েছে।

১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে ।

১৮। অডিট : প্রকল্প মেয়াদে কোন অডিট আপত্তি ছিলনা ।

১৯। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : প্রকল্প বাস্তবায়ন ইতোমধ্যে সমাপ্ত ।

২০। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়িত হয়েছে।

২১। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন(If any): প্রযোজ্য নয়

২২। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ: প্রযোজ্য নয়।

২৩। এক নজরে পরিদর্শনের কিছু আলোকচিত্র:



চিত্র: তিতাস গ্যাস ফিল্ডের ২১ নং কূপ।

২৪। পরিদর্শন পর্যবেক্ষণঃ বিগত ২৫/০২/২০১৮ খ্রিঃ তারিখে "তিতাস ২১ নং কূপ ওয়ার্কওভার" শীর্ষক সমাপ্ত প্রকল্পটি আইএমইডি'র মূল্যায়ন কর্মকর্তা মোছাঃ নূরে নাসরিন কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালক , ব্যবস্থাপক (উৎপাদন), ও অন্যান্য কর্মকর্তাগন উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে দেখা যায়-

২৪.১। বিজিএফসিএল/ বাপেক্স এর মজুদ/ সংরক্ষিত উপকরণ ব্যবহার করে ব্রাহ্মণবাড়িয়ার তিতাস গ্যাস ফিল্ডের ২১ নং কূপের ওয়ার্কওভার সমাপ্ত হয়েছে।

২৪.২। বর্তমানে কূপটি থেকে দৈনিক প্রায় ৮ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করা হচ্ছে।

২৪.৩। ওয়ার্কওভার সংশ্লিষ্ট কাজ যেমন বাপেক্স কর্তৃক রিগ ফাউন্ডেশন মডিফিকেশন, সংযোগ সড়কের মেরামত ও রক্ষণাবেক্ষণ, ওয়েস্ট মাড পন্ড এবং ১নং ডিপ টিউবওয়েল ইত্যাদি সম্পন্ন হয়েছে।

২৫। সুপারিশ:

২৫.১। পর্যালোচনাকালে দেখা যায় যে, গ্যাজপ্রম কর্তৃক তিতাস ২১ নং কূপ খননের পর ৩০/১২/২০১৩ খ্রিঃ এ প্রথম উৎপাদন শুরু হয় এবং ২০/০৬/২০১৪ খ্রিঃ এ কূপটি বন্ধ হয়ে যায়। এতো অর্থ খরচ করে কূপ খননের পর মাত্র ৬ মাসে তা বন্ধ হওয়া খুবই হতাশাজনক। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বিষয়গুলো ভেবে দেখতে হবে।

২৫.২। Log Frame এ বিদ্যমান PROGRAMM GOAL অর্জন করতে হবে এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য এ ধারা অব্যাহত রাখতে হবে।

Construction of 13 storied Head Office Building with Two Basements of Gas Transmission Company Limited (GTCL) at Sher-e-Bangla Nagar administrative area, Agargoan, Dhaka. **শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেন**

(সমাপ্তঃ জুন, ২০১৭)

১। প্রকল্পের নাম : Construction of 13 storied Head Office Building with Two Basements of Gas Transmission Company Limited (GTCL) at Sher-e-Bangla Nagar administrative area, Agargoan, Dhaka.

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মোছাঃ নূরে নাসরিন, মূল্যায়ন কর্মকর্তা, আইএমইডি।

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ০৪/০৭/২০১৮ খ্রিঃ

৪। প্রকল্পের অবস্থান : শের-ই-বাংলা নগর, ঢাকা সিটি কর্পোরেশন এলাকা, ঢাকা।

৫। বাস্তবায়নকারী সংস্থা : গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

৬। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ: বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (জুন, ২০১৭ পর্যন্ত)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
১০৮৪৮.৩১	১০৮৪৮.৩১	১০৬১৭.২৬	জুলাই, ২০১২ থেকে জুন, ২০১৫	জুলাই, ২০১২ থেকে জুন, ২০১৭	জুলাই, ২০১২ থেকে জুন, ২০১৭	(-২.১৩%)	৬৬.৬৭%

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৭ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১।	গ্যাস এ্যান্ড ফুয়েল	থোক	থোক	০.১০	১০০%	০.১০
২।	পেট্রোল এন্ড লুব্রিক্যান্ট	থোক	থোক	০.১৫	১০০%	০.১৫
৩।	স্টেশনারী, সীল এ্যান্ড স্ট্যাম্পস	থোক	থোক	১.০০	১০০%	০.৯৫
৪।	আপ্যায়ন ব্যয়	থোক	থোক	২.০০	১০০%	১.৫৪
৫।	সয়েল ইনভেস্টিগেশন এন্ড সার্ভে	থোক	থোক	৪.০০	১০০%	৩.৯৭
৬।	কপি/ফটোকপি ব্যয়	থোক	থোক	২.০০	১০০%	১.৯৫

ক্র: নং	ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৭ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৭।	অন্যান্য (গ্যাস, পানি ও বিদ্যুৎ)	থোক	থোক	২৫.০০	১০০%	৪.৯০
৮।	যানবাহন সংগ্রহ (১৮০০-২০০০ সিসির মাইক্রোবাস ভাড়া ৩৬ মাস)	সংখ্যা	১টি	২১.৬০	১০০%	২১.৩৪
৯।	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম (সাপ্লাই, ইনস্টলেশন এন্ড কমিশনিং)	থোক	থোক	৯১৩.০০	১০০%	৮৮৯.২৭
১০।	কম্পিউটার ও এক্সেসরিজ	লট	লট	২.৫০	১০০%	২.৪৯
১১।	অফিস ইকুইপমেন্টস (ফটোকপি মেশিন ও এয়ারকুলার)	লট	লট	২.৮০	১০০%	২.৬৭
১২।	আসবাবপত্র	থোক	থোক	২.৫০	১০০%	১.৯৫
১৩।	ইলেকট্রিক্যাল ইক্যুইপমেন্ট	থোক	থোক	১৩১১.৯৪	১০০%	১১৮৫.৮১
১৪।	অফিস ভবন					
	(ক) সিভিল ওয়ার্কস	বর্গমিঃ	২৩৪৬৫	৮২০৬.১১	১০০%	৮১৮২.৩৯
	(খ) অভ্যন্তরীণ স্যানিটারী ও পানি সরবরাহ	থোক	থোক	১৫৬.৬৬	১০০%	১৫৬.৬৬
	(গ) এক্সটার্নাল পানি সরবরাহ	থোক	থোক	১১৪.৩৪	১০০%	৭৮.৮০
১৫।	অন্যান্য ভবন ও অবকাঠামো					
	(ক) অভ্যন্তরীণ সড়ক	বর্গমিঃ	৫৫০	১৩.৪৬	১০০%	১৩.৩৩
	(খ) সদর গেটসহ সীমানা প্রাচীর	মিটার	২১৮	২৮.৭৫	১০০%	২৮.৭২
	(গ) কম্পাউন্ড ড্রেন	মিটার	২১৫	১৫.০০	১০০%	১৪.৯৫
১৬।	অন্যান্য					
	(ক) আরবরিকালচার ও ল্যান্ড স্ক্যাপিং ইত্যাদি	থোক	থোক	১০.০০	১০০%	৯.৯৯
	(খ) কোয়ালিটি এশুরেন্স, এক্সপার্টিস কনসালটেন্সী মেটেরিয়াল স্যাম্পলিং ও টেস্টিং	থোক	থোক	১৫.৪০	১০০%	১৫.৩৩
	মোট:			১০৮৪৮.৩১	১০০%	১০৬১৭.২৬

তথ্য সূত্রঃ পিসিআর ।

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্প সমাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

১০। পটভূমিঃ

পেট্রোবাংলার একটি কোম্পানী হিসাবে কোম্পানীজ এক্ট ১৯১৩ এর অধীনে জিটিসিএল ডিসেম্বর ১৯৯৩ সালে নিবন্ধিত হয়। দেশের বিভিন্ন অংশে অবস্থিতি গ্যাস ক্ষেত্র থেকে উৎপাদিত গ্যাস সুষম ও নির্ভরযোগ্যতার সঙ্গে সঞ্চালনের দায়িত্ব পালনের জন্য জিটিসিএল গঠন করা হয়। ২৩ জানুয়ারি ১৯৯৪ থেকে জিটিসিএল আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে। বর্তমানে জিটিসিএল এর নিজস্ব কোন অফিস ভবন নেই। ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটনে অবস্থিত রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ারের তিনটি ফ্লোর মাসিক ভাড়া প্রদানের বিনিময়ে প্রতিস্থানিটর প্রধান কার্যালয় কার্যক্রম

পরিচালনা করছে। নিজস্ব অফিস ভবন না থাকার কারণে জিটিসিএল তার কার্যক্রম সুষ্ঠুভাবে পালন করতে পারছে না। এ সমস্যা সমাধানকল্পে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

১১। উদ্দেশ্যঃ

জিটিসিএল এর সর্বোচ্চ সামর্থ্যসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পালনের জন্য এবং সুষ্ঠু কাজের পরিবেশ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় দাপ্তরিক স্থান প্রদান করা এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

প্রকল্প অনুমোদনঃ-বিদ্যুৎ. জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক ০৬/০৯/২০১৪ খ্রিঃ তারিখে প্রকল্পটি অনুমোদিত হয়।

সংশোধনঃ- ০২/০১/২০১৭ খ্রিঃ তারিখে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ২ বছর মেয়াদ বৃদ্ধি করা হয়।

১৩। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	আরডিপিপি অনুযায়ী দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তিমূল্য	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
Internal Electrification of main Building.	০৬/১১/২০১২ ৩.৮৪৫	২৪/০২/২০১৩ ৩.৭৮৪	২৪/০৮/২০১৫	৩০/০৬/২০১৬	
1000 Kg 13 Person 14 stop Lift.	০৮/০৬/২০১৫ ৩.৪৯৪	১৭/০৯/২০১৫ ৩.৩১৪	১৭/০৩/২০১৬	৩০/০৮/২০১৬	
A/C area 5358 sqm/15=357 Ton.	১৪/০১/২০১৬ ৪.১০৫	২৮/০৬/২০১৬ ৪.১০৫	২৮/১০/২০১৬	৩০/০৪/২০১৭	
Construction of Office Building-civil, sanitary & internal water supply.	০৬/১১/২০১২ ৬২.৫৭৯	২৪/০২/২০১৩ ৬২.৫৭৯	৩০/০৮/২০১৬	৩০/০৮/২০১৬	

১৪। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ প্রকল্পের শুরু হতে জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১০৬১৭.২৬ লক্ষ টাকা বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোদিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

লক্ষ টাকায়

অর্থ বছর	**সংশোধিত এডিপি বরাদ্দ**			**অবমুক্তি**	**ব্যয়**			**অব্যয়িত অর্থ**
	মোট	**টাকা**	**প্রঃ সাঃ**		**মোট**	**টাকা**	**প্রঃ সাঃ**	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১২-১৩	৫.২৬	৫.২৬	-	৫.২৬	৫.২৬	৫.২৬	-	
২০১৩-১৪	১৫১৩.৯৫	১৫১৩.৯৫	-	১৫১৩.৯৫	১৫১৩.৯৫	১৫১৩.৯৫	-	
২০১৪-১৫	১৮০৭.৫৩	১৮০৭.৫৩	-	১৮০৭.৫৩	১৮০৭.৫৩	১৮০৭.৫৩	-	
২০১৫-১৬	৩৪৯৯.৪৯	৩৪৯৯.৪৯	-	৩৪৯৯.৪৯	৩৪৯৯.৪৮	৩৪৯৯.৪৮	-	.০১
২০১৬-১৭	৪০২২.০৮	৪০২২.০৮	-	৪০২২.০৮	৩৭৯১.০৪	৩৭৯১.০৪	-	২৩১.০৪
মোট	১০৮৪৮.৩১	১০৮৪৮.৩১	-	১০৮৪৮.৩১	১০৬১৭.২৬	১০৬১৭.২৬	-	২৩১.০৫

এ প্রকল্পের অনুমোদিত ব্যয় ১০৮৪৮.৩১ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১০৬১৭.২৬ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ১০৮৪৮.৩১ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থ ২৩১.০৫ লক্ষ টাকা (১০৮৪৮.৩১-১০৬১৭.২৬ লক্ষ টাকা)। পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী উক্ত অব্যয়িত অর্থ পেট্রোবাংলায় যথাসময়ে ফেরত পাঠানো হয়েছে।

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত মাত্র ১ (এক) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
আলী মো: আল মামুন জেনারেল ম্যানেজার	পূর্ণকালীন	-	১১ মার্চ, ২০১৩	-	প্রকল্প সমাপ্তি পর্যন্ত দায়িত্বরত

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	জিটিসিএল এর প্রধান কার্যালয় হিসেবে ব্যবহারের জন্য ১৩ তলা ভবন নির্মাণ। সর্বোচ্চ সামর্থসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পালনের জন্য এবং সুষ্ঠু কাজের পরিবেশ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় দাপ্তরিক স্থান প্রদান করা।	দুইটি বেসমেন্টসহ ১৩ তলা ভবন নির্মাণ। হলরুম , ভিআইপি রুম , বোর্ড রুম , মিটিং রুম , এমডি, জিএম, ডিজিএম এবং ব্যবস্থাপকের রুম ও অফিস স্পেস নির্মাণ।

১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৮। অডিট : প্রকল্প মেয়াদে কোন অডিট আপত্তি ছিলনা।

১৯। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : প্রকল্প বাস্তবায়ন ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।

২০। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ৫ বছর সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল অপেক্ষা ২ বছর বেশী।

২১। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন(If any): প্রযোজ্য নয়

২২। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ: প্রযোজ্য নয়।

২৩। এক নজরে পরিদর্শনের কিছু আলোকচিত্র:

চিত্র: ১ জিটিসিএল মূল ভবন



চিত্র: ২ জিটিসিএল ভবনের ছাদের দৃশ্য



চিত্র: ৩ প্রকল্প পরিচালক ও জিটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালকের কক্ষ



চিত্র: ৪ নিচ তলায় প্রকল্প সংশ্লিষ্টরা



চিত্র: ৫ জিটিসিএল ভবনের ছাদে স্থাপনকৃত সোলার প্যানেল



চিত্র: ৬ সাবস্টেশন



চিত্র: ৭ অডিটরিয়াম



চিত্র: ৮ সেমিনার কক্ষ



চিত্র: ৯ বাউন্ডারি ওয়াল



চিত্র: ১০ দ্বিতীয় তলার দেয়ালে স্থাপিত আলোকচিত্র



২৪। পরিদর্শন পর্যবেক্ষণঃ বিগত ০৪/০৬/২০১৮ খ্রিঃ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের মূল্যায়ন কর্মকর্তা মোছা: নূরে নাসরিন কর্তৃক "Construction of 13 storied Head Office Building with Two Basements of Gas Transmission Company Limited (GTCL) at Sher-e-Bangla Nagar administrative area, Agargoan, Dhaka" শীর্ষক সমাপ্ত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগন উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেন। পরিদর্শনকালে নির্মিত জিটিসিএল ভবনকে সম্পূর্ণ কাযকরী অবস্থায় পাওয়া যায়। সব ফার্নিচার, যন্ত্রপাতি ডিজাইন উন্নতমানের। অনেকটা আধুনিক মানের একটা ভবন তবে ছাদে পানি জমে শ্যাওলা ধরে গেছে।

২৫। সুপারিশ:

২৫.১। ভবিষ্যতে অন্য কোন প্রকল্পের বাস্তবায়নের ক্ষেত্রে যাতে সময় বেশী না লাগে এবং যথা সময়ে প্রকল্প শেষ করা যায় বা অস্বাভাবিক বিলম্ব না ঘটে সে বিষয়ে সংস্থা ও মন্ত্রণালয়কে সচেষ্ট থাকবে হবে;

২৫.২। ভবিষ্যতে গৃহীত প্রকল্পের ক্ষেত্রে ডিপিপি এমনভাবে প্রণয়ন করতে হবে যেন তা পরবর্তীতে সংশোধনের প্রয়োজন না হয়;

২৫.৩ নির্মিত জিটিসিএল ভবনটি মেইন্টেন্যান্স এর ব্যবস্থা রাখতে হবে; বিশেষ করে ছাদ সবসময় পরিষ্কার রাখতে হবে যাতে কোন পানি জমে না থাকে;

২৫.৪ Log Frame এ বিদ্যমান PROGRAMM GOAL অর্জন করতে হবে এবং এ ধারা অব্যাহত রাখতে হবে।

২৫.৫ উপর্যুক্ত সুপারিশসমূহের আলোকে গৃহীত ব্যবস্থা এ প্রতিবেদন প্রাপ্তির ০২ (দুই) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।

হাটিকুমরুল-ভেড়ামারাগ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর, ২০১৬)

১। **প্রকল্পের নাম** : হাটিকুমরুল-ভেড়ামারাগ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)।

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৩। **বাস্তবায়ন সংস্থা** : গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (পেট্রোবাংলার একটি কোম্পানী)।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃতব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের%)
মূল সর্বমোট টাকা প্র:সা: নিজস্ব:অর্থ	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা প্র:সা: নিজস্ব:অর্থ	সর্বমোট টাকা প্র:সা: নিজস্ব:অর্থ	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬২৮৬৯.৯৩ ২৮৬৫২.০৩ ৩৪২১৭.৯০ ----	৭৩৯১৩.৭৮ ২৬৬৭৮.১২ ৪৫৩১৪.২৫ ১৯২১.৪১	৭১৩৩১.৬৯ ২৪১৬৫.৪৫ ৪৫২৪৪.৮৩ ১৯২১.৪১	জুলাই, ২০০৬ হতে জুন, ২০০৯	জুলাই, ২০০৬ হতে ডিসেম্বর, ২০১৬	জুলাই, ২০০৬ হতে ডিসেম্বর, ২০১৬	(+) ৮৬৬১.৭৬ (+১৩.৪৬%)	৯০ মাস (২৫০%)

* প্রকল্পের অনুকূলে প্রকৃত ব্যয় মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ৮৬৬১.৭৬ লক্ষ টাকা বেশি হয়েছে।

৫। **প্রকল্পের অবস্থান** :

বিভাগ	জেলা	উপজেলা
রাজশাহী	সিরাজগঞ্জ, নাটোর এবং পাবনা	উল্লাপাড়া, তাড়াস, গুরুদাসপুর, বড়াইগ্রাম, লালপুর এবং ঈশ্বরদী
খুলনা	কুষ্টিয়া	ভেড়ামারা

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** : প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্য সংযুক্তি-ক তে সংযুক্ত রয়েছে)।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** :

প্রকল্প সমাপ্ত প্রতিবেদনে উল্লেখিত (সর্বশেষ সংশোধন) তথ্যানুযায়ী প্রকল্পের ভৌত অগ্রগতি ১০০% ।

৮। প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :

৮.১। প্রকল্পের পটভূমি :

দেশের বিদ্যমান গ্যাস ক্ষেত্রসমূহের অধিকাংশ দেশের পূর্বাঞ্চলে অবস্থিত। ফলে উত্তর -পশ্চিম ও দক্ষিণ - পশ্চিমাঞ্চলের জনগণ গ্যাস ব্যবহারের সুবিধা থেকে বঞ্চিত হয়ে আসছে। যমুনা সেতুর উপর দিয়ে ৩০ ইঞ্চি ব্যাসের উচ্চচাপ গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপন করার মাধ্যমে গ্যাস নেটওয়ার্ক যমুনা সেতু অতিক্রম করে নলকা -বাঘাবাড়ী পর্যন্ত বিস্তৃত হয়েছে। খুলনা , রাজশাহী ও তৎসংলগ্ন এলাকার শিল্প , বাণিজ্যিক প্রতিষ্ঠান ও বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের লক্ষ্যে "হাটিকুমরুল-ভেড়ামারা গ্যাস সঞ্চালন পাইপলাইন" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

৮.২। **প্রকল্পের উদ্দেশ্য:**

- দেশের উত্তর-পশ্চিম ও দক্ষিণ পশ্চিমাঞ্চলে গ্যসা সঞ্চালন নেটওয়ার্ক সম্প্রসারণ;
- ভেড়ামারা নির্মাণাধীন ৪৫০ মেঃওঃ ও বিদ্যমান ৬০ মেঃওৎ বিদ্যুৎ কেন্দ্রসমূহের গ্যাসের চাহিদা পূরণের উদ্দেশ্যে ৩০ ইঞ্চি ব্যাসের ৮৩.৪০ কিঃমিঃ গ্যাস সঞ্চালন পাইনলাইন নির্মাণ; এবং
- দেশের পশ্চিমাঞ্চলে ৪০০ এমএমসিএফ গ্যাস সরবরাহ করা।

<u>প্রকল্পের প্রধান কার্যক্রম সমূহঃ</u>

(ক) ৭২ হেক্টর ভূমি অধিগ্রহণ;
(খ) ১৩৫ হেক্টর ভূমি অধিযাচন;
(গ) সিরাজগঞ্জের হাটিকুমরুল থেকে কুষ্টিয়ার ভেড়ামারা পর্যন্ত ৩০" ব্যাসের ৮৩.৪০ কিঃমিঃ গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপন;
(ঘ) টার্নকী ভিত্তিতে ৫টি নদী যথা -পদ্মা, বড়াল, আত্রাই, খালিশাডাঙ্গা ও গোজা নদীরতলদেশ দিয়ে Horizontal Direction Drilling (HDD) পদ্ধতিতে নদী ক্রসিং ও পাইপলাইন স্থাপন;
(ঙ) Cathodic Protection (CP) সিস্টেম স্থাপন;
(চ) গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপন সংক্রান্ত মালামাল সংগ্রহ;
(ছ) টার্নকী ভিত্তিতে ভেড়ামারায় ১টি City Gate Station (CGS) নির্মাণ; এবং
(জ) টার্নকী ভিত্তিতে SCADA সিস্টেম স্থাপন।

৯। **প্রকল্প অনুমোদন ও সংশোধন** :

"যমুনা সেতুর পশ্চিমপাড় -নলকা, হাটিকুমরুল-ইশ্বরদী-ভেড়ামারা গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মান " শীর্ষক প্রকল্পটি মোট ৬২৮৬৯.৯৩ লক্ষ টাকা (জিওবি-২৮৬৫২.০৩ লক্ষ টাকা এবং প্রক ল্প সাহায্য-৩৪২১৭.৯০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০০৬ থেকে জুন ২০০৯ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে গত ৩০ মে ২০০৬ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রশাসনিক অনুমোদন জারী করা হয়। গত ৩১/০৫/২০০৯ তারিখে প্রকল্পটির মেয়াদ জুন ২০১১ পর্যন্ত বৃদ্ধি করা হ য়। পরর্তীতে পরিকল্পনা কমিশন কর্তৃক ০৬/০৩/২০১২ তারিখে প্রকল্পটির মেয়াদ ডিমেম্বর , ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

গত ২৯/০৮/২০১৩ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক "হাটিকুমরুল-ভেড়ামারাগ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ " শীর্ষক প্রকল্পটির (পূর্ব নামঃ "যমুনা সেতুর পশ্চি মপাড়-নলকা, হাটিকুমরুল-ইশ্বরদী-ভেড়ামারা গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মান) ১ম সংশোধনের প্রস্তাব মোট ৭২৬৮৫.১৪ লক্ষ টাকা (জিওবি-২৭০৫৮.৬৮ লক্ষ টাকা, সংস্থার নিজস্ব অর্থায়ন-১৫৪৬.১৭ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য -৪৪০৮০.২৯ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০০৬ থেকে জুন ২০১৪ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে অনুমোদিত হয়। গত ১১/১২/২০১৪ তারিখে প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়। গত ০১/০৩/২০১৫ তারিখে প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত পরিকল্পনা কমিশন কর্তৃক বৃদ্ধি করা হয়।
গত ১৬/০৬/২০১৬ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক "হাটিকুমরুল-ভেড়ামারাগ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি মোট ৭৩৯১৩.৭৮ লক্ষ টাকা (জিওবি-২৬৬৭৮.১২ লক্ষ টাকা, সংস্থার নিজস্ব অর্থায়ন-১৯২১.৪১ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য -৪৫৩১৪.২৫ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০০৬ থেকে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়।

১০। **প্রকল্পের অর্থায়ন (২য় সংশোধন অনুযায়ী)**

ক) জিওবি :

(লক্ষ টাকা)

মোট	ঋণ	ইক্যুইটি	Cash Foreign Exchange
(১)	*(২)*	*(৩)*	*(৪)*
২৬৬৭৮.১২	১৬০০৬.৮৭	১০৬৭১.২৫	-

খ) প্রকল্প সাহায্যঃ

উৎস	মুদ্রার প্রকৃতি	পরিমাণ	প্রকৃতি	বাংলাদেশী টাকায় পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)
ADB	ইউএস ডলার	৫৬.৬৪৩ মিলিয়ন	ঋণ	৪৫৩১৪.২ লক্ষ টাকা

গ) সংস্থা'র নিজস্বঃ

(লক্ষ টাকা)

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	*(২)*	*(৩)*	*(৪)*
১৯২১.৪১	-	-	-

১১। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত (২য়) মোট প্রাক্কলিত ব্যয় ৭৩৯১৩.৭৮ লক্ষ টাকা। পিসিআর অনুযায়ী প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ৭১৩৩১.৬৯ লক্ষ টাকা যা সংশোধিত মোট প্রাক্কলিত ব্যয়ের ৯৬.৫১% এবং প্রকল্পটির ব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং জনাব মোঃ মোচ্ছাদ্দেক হোসেন জানান প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি ১০০%।

১২। **পর্যবেক্ষণ** :

১২.১। গত ২৩/০৭/২০১৮ তারিখে সিরাজগঞ্জে অবস্থিত আলোচ্য প্রকল্পের পিগ লঞ্চার ষ্টেশন এবং খালকুলায় অবস্থিত ভাল্ব স্টেশন এলাকা আইএমই বিভাগ কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালীন সময়ে প্রকল্পের ব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং জনাব মোঃ মোচ্ছাদ্দেক হোসেন উপস্থিত ছিলেন। প্রকল্প পরিচালক কর্তৃক প্রদেয় বিভিন্ন তথ্য নিম্নে উল্লেখ করা হলোঃ

১২.২ হাটিকুমরুল, সিরাজগঞ্জ হতে ভেড়ামারা, কুষ্টিয়া পর্যন্ত ৮২ কিঃমিঃ ৩০ ইঞ্চি ব্যাসের গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ গত ৩০ সেপ্টেম্বর ২০১০ তারিখে সম্পন্ন হয়। হাটিকুমরুল হতে বনপাড়া পর্যন্ত পাইপলাইন ২৯ জানুয়ারি ২০১২ তারিখে এবং বনপাড়া হতে পাকশী ভাল্ব স্টেশন ১৩ মে ২০১৩ তারিখে কমিশনিং করা হয়।পদ্মা নদীর ক্রসিং সফলভাবে সম্পন্নের পর ২০ নভেম্বর ২০১৬ তারিখে গ্যাস দ্বারা অবশিষ্ট পাইপলাইন কমিশনিং করা হয়।

১২.৩ গত ৪ জানুয়ারি ২০১৭ তারিখ হতে NWPGCL এর ভেড়ামারা ৪১৪ মেঃওয়াট পাওয়ার প্লান্টে গ্যাস সরবরাহ শুরু করা হয়েছে এবং ভেড়ামারাই অবস্থিত ৬০ মেঃওয়াট পাওয়ার প্লান্টে গ্যাস সরবরাহের জন্য প্রস্তুত রয়েছে।

১২.৪ প্রকল্পটির কার্যক্রমের মধ্যে পদ্মা নদী ক্রসিং এর জন্য ২ বার অসফল হওয়ায় প্রকল্পের কার্যক্রম বিলম্ব হয় মর্মে জানা যায়। নদী ক্রসিং এর জন্য নির্ধারিত ঠিকাদার (ড্রিল টেক-ম্যাক্সওয়েল (জেভি)) কে এডিবি এর সম্মতিক্রমে ২০১৫ সালে বাতিল করা হয়। রি-বিডিং এর পর চাইনা পেট্রোলিয়াম পাইপলাইন ব্যুরো (সিপিপি) কাজটি সম্পন্ন করে।

১২.৫ টার্নকী ভিত্তিতে ৫টি নদী যথা -পদ্মা, বড়াল, আত্রাই, খালিশাডাঙ্গা ও গোজা নদীর ক্রসিং এর মধ্যে পদ্মা নদী ক্রসিং ব্যতীত অপর ৪টি নদী ক্রসিং গত ফেব্রুয়ারি ২০১২ এর মধ্যে সম্পন্ন হয়। পদ্মা নদী ক্রসিং সম্পন্নের পর গত ২০ নভেম্বর ২০১৬ তারিখে সংশ্লিষ্ট লাইন কমিশনিং করা হয়।

১২.৬ আলোচ্য প্রকল্পটির সিরাজগঞ্জে অবস্থিত পিগ লঞ্চার ষ্টেশন পরিদর্শনকালে ০১টি ভাল্ব হতে দ্রুত গতিতে গ্যাস লিক হচ্ছে মর্মে পরিলক্ষিত হয়। এর ফলে যে কোন সময় মারাত্মক দুর্ঘটনা ঘটার আশঙ্কা রয়েছে। বিধায় আলোচ্য প্রকল্পের মাধ্যমে নির্মিত পাইপলাইনসমূহ যথযাযথভাবে রক্ষনাবেক্ষণ করতে হবে।

১২.৭। প্রকল্পের Audit সংক্রান্ত তথ্যঃ পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী আলোচ্য প্রকল্পের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অডিট আপত্তিসমূহ (External Audit) নিম্নে উল্লেখ করা হলোঃ

Period of Audit	Date of submission of Audit Report	Major Findings/Objections	Whether objections resolved or not
1	2	3	4
2006-07	31/12/2007	1. Adjusting Laboratory test fee from project fund not justified.	Resolved.
2007-08	31/12/2008	1. Advance has not yet been adjusted. 2. Excess expenditure was incurred as contingencies against land acquisition. 3. Payment was made for repair of vehicle beyond the provision of DPP. 4. Irregular payment was made for office rent. 5. Expenditure incurred for rate analysis of tree and cottage house without any justification.	Resolved.
2008-09	31/12/2009	1. Bills/Vouchers of GOB expenditure was not produced to audit. 2. Revenue loss for not depositing the auction value into Govt. account. 3. Revenue loss for not depositing the sale proceeds of tender schedule into Govt. account. 4. Loss for not depositing accrued bank interest into Govt. account. 5. Excess expenditure against allowance over budget provision. 6. Irregular payment made for office rent.	Resolved.
2009-10	30/12/2010	1. Contract made for Pipeline Construction with a contract price in excess over DPP provision. 2. Excess payment made to the contractor due to 5% compaction of earth not deducted. 3. Revenue loss due to non deposit of sales proceeds of tender schedule and Bank interest.	Resolved

Period of Audit	Date of submission of Audit Report	Major Findings/Objections	Whether objections resolved or not
1	2	3	4
		4. Loss of project money through making irregular contract. 5. Expenditure was incurred beyond DPP provision and budget allocation. 6. Irregular expenditure incurred as L/C commission from physical contingency. 7. Auditable records were not produced to audit.	
2010-11	22/12/2011	1. Misstatement of Financial Statement due to received loan from GTCL not shown as resources. 2. Shortage of fund as Contractors' Retention Money in the Project Operating Bank Accounts. 3. Expenditure incurred beyond DPP provision. 4. Excess expenditure incurred beyond budget provision. 5. Income Tax not realized from the highest bidder of Auction. 6. Sale proceeds from auction of Trees/Plants and materials not deposited into Govt. Account. 7. Bills/vouchers and other auditable records and documents not produced to audit.	Resolved
2011-12	31/12/2012	1. Financial Statement is misstated. 2. Loss of Govt. revenue due to less deduction of VAT/IT. 3. Expenditure incurred beyond DPP provision.	Resolved.
2012-13	06/02/2014	1. Loss of Govt. revenue due to less/no deduction of VAT and IT. 2. Financial Statement under stated by less shown as resources.	Settlement of both the objections is under process.
2013-14	29/12/2014	1. Project loss due to non-awarded of contract to the 1st lowest bidder. 2. Project loss due to deducted LD refund to the contractor. 3. Liquidated damage was not imposed to the contractor for delay of works.	Two objections are resolved and settlement of one objection (Sl. No. 3) is under process.

Period of Audit	Date of submission of Audit Report	Major Findings/Objections	Whether objections resolved or not
1	2	3	4
2014-15	31/12/2015	1. Sale proceeds of Cathodic Protection (CP) Materials valued not shown in the financial statement as other resources. 2. Payment showed as minus figure in the column current period in the FS not justified.	Settlement of both the objections is under process.
2015-16	20/11/2016	1. Excess Expenditure incurred beyond RDPP provision. 2. Bank interest not deposited into Govt. Treasury. 3. Earnings from sale proceed not shown in the F/S as other resources. 4. Imposed and recovered penalty from Terminated contractor not deposited into Project account. 5. Expenditure incurred beyond project purpose.	Two objections are resolved and settlement of three objections (Sl. No. 2, 3 & 4) is under process.
2016-17	21/12/2017	1. VAT was not deducted from the Contractor. 2. CD-Vat was not deposited into Govt. account. 3. IT was not deposited to the Govt. account. 4. Expenditure paid to the contractor violation the procuring method specified in RDPP. 5. VAT was less deducted from the Contractor. 6. Interest During Construction (IDC) showed in F/S without expenditure. 7. DPA expenditure is over stated than the actual allocation. 8. Performance Guarantee was not deposited into Govt. account. 9. Legal Expenses is over stated than the actual allocation of RDPP. 10. Expenditure is over stated than the Cheque issue register.\ 11. Cash book was not maintained by the Project Director Office.	Four objections are resolved and settlement of seven objections (Sl. No. 1 to 7) is under process.

Note: Broad Sheet reply provided to FAPAD Audit and action is in process to settle all the unresolved objections.

১২.৮। চিত্রঃ



চিত্রঃ সিরাজগঞ্জে অবস্থিত পিগ লঞ্চার ষ্টেশন



চিত্রঃ সিরাজগঞ্জে অবস্থিত পিগ লঞ্চার ষ্টেশন



চিত্রঃ সিরাজগঞ্জে অবস্থিত পিগ লঞ্চার ষ্টেশনের ভাল্বটি কর্তৃক গ্যাস লিক



চিত্রঃ সিরাজগঞ্জে অবস্থিত পিগ লঞ্চার ষ্টেশন



চিত্রঃ খালকুলায় অবস্থিত ভাল্ব স্টেশন



চিত্রঃ খালকুলায় অবস্থিত ভাল্ব স্টেশন

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১	Md. Ishaque Uddin	General Manager & Project Director	পূর্ণকালীন	০২/০৫/২০০৬-২১/০১/২০১৬ পর্যন্ত
২	Md. Abdur Razzaque	Deputy General Manager & Project Director	পূর্ণকালীন	১৮/০২/২০০৬-৩১/১২/২০১৬ পর্যন্ত

১৪। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন (পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী)** :

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(a) The main objective of the Project is to supply gas to existing Bheramara 60 MW power plant and proposed 414 MW power plant at Bheramara. The capacity of the pipeline will be 400 mmcfd for catering gas demand of western region. (b)To construct 30″ dia 82 km gas transmission pipeline from Hatikumrul, Sirajgnaj to Bheramara, Kushtia.	(a) With successful completion of the project the opportunity has been created to supply natural gas to newly constructed Bheramara 414 MW power plant of NWPGCL and existing 60 MW power plant, and other gas based industries & commercial units of divisional city of Rajshahi, Ishawrdi EPZ of Pabna districts and divisional city of Khulna. (b) Construction of 30″ diameter 82 km gas transmission pipeline from Hatikumrul, Sirajgnaj to Bheramara, Kushtia completed on 30 September 2010 and the pipeline section from Hatikumrul to Bonpara was commissioned by gas on 29 January 2012 and Bonpara to Pakshey Valve Station on 13 May 2013. After successful completion of Padma river HDD crossing work the rest of the pipeline was commissioned by gas on 20 November 2016 and opened a new era to supply gas western and south-western region of Bangladesh. In the meantime GTCL has started supplying gas to NWPGCL's Bheramara 414 MW power plant from 4 January 2017 and ready to supply gas to existing 60 MW power plant at Bheramara and hence the main objective of the project has fully been achieved.

১৫.০ **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য**(পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী)ঃ

Goods & Works of the Project costing above Tk. 200.00 lakh and Consultancy above Tk. 100.00 lakh:

Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender/Bid Proposal Cost (In crore Taka)		Tender/Bid Proposal		Date of Completion of Works/Services and Supply of Goods	
	As per RDPP	Contracted Value	Invitation Date	Contract Signing/L.C. Opening Date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
▪ *3LPE/FBE Coated Line Pipe & other Pipes*	224.1039	224.1039	05.06.2008	28.04.2009	22.11.2009	22.11.2009
▪ *Induction Bend*	6.18552	6.18552	05.08.2007	16.06.2008	15.01.2009	15.01.2009
▪ *Pipeline Coating Materials*	2.15389	2.1538	05.08.2007	01.09.2008	16.08.2009	16.08.2009
▪ *Ball Valve & Gate Valve*	3.38943	3.38943	05.08.2007	13.08.2008	20.03.2010	20.03.2010
▪ *Pipeline Pig Traps*	2.49432	2.9432	05.08.2007	17.06.2008	20.03.2010	20.03.2010

Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender/Bid Proposal Cost (In crore Taka)		Tender/Bid Proposal		Date of Completion of Works/Services and Supply of Goods	
	As per RDPP	Contracted Value	Invitation Date	Contract Signing/L.C. Opening Date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
▪ *CP Materials*	4.72928	4.72928	05.08.2007	01.09.2008	16.08.2009	16.08.2009
▪ *Miscellaneous Fittings*	3.49157	3.49157	01.07.2008	19.03.2009	20.02.2010	20.02.2010
▪ *Pipeline Construction*	77.00	76.77	05.07.2009	20.12.2009	09.07.2010	30.09.2010
▪ *Padma River crossing by HDD method on Turn-key basis.*	122.6065	94.2416	08.07.2015	12.01.2016	22.11.2016	22.11.2016
▪ *HDD River crossing on Turn-key basis (Group-B)*		26.4468	09.08.2009	24.08.2010	26.12.2011	12.02.2012
▪ *CGS at Bheramara on EPC Basis*	28.7890	27.5171	06.06.2010	*11.01.2012*	16.12.2012	08.09.2015
▪ *Installation of SCADA System on Turn-key basis*	44.10	40.1205	13.07.2011	*22.01.2013*	01.04.2014	01.11.2015

১৬। সুপারিশ/মন্তব্য:

